

## কাজের জায়গায় যৌন হেনস্থা বলতে কি বোঝায়?

কাজের জায়গায় কোনো ব্যক্তির দ্বারা কোনো মহিলার ইচ্ছার বিরুদ্ধে যে কোন শারীরিক, মৌখিক বা অমৌখিক আচরণ, যেমন-

১. ছোঁওয়া,
২. জড়িয়ে ধরা,
৩. চুমু খাওয়া,
৪. যৌন ইচ্ছা পূরণ করার দাবী জানানো,
৫. যৌন ইঙ্গিতপূর্ণ চুটকি, মন্তব্য, ব্যবহার,
৬. পর্ণোগ্রাফি দেখানো,
৭. বিশ্রীভাবে তাকানো,
৮. কোন আওয়াজ বা অঙ্গভঙ্গি করাকে



কর্মক্ষেত্রে যৌন হেনস্থা বলা হয়। আইন অনুযায়ী অভিযুক্তের উদ্দেশ্য প্রাধান্য পাবে না, নির্যাতিতার উপর নির্যাতনের প্রভাবই প্রধান বিচার্য।

## কাজের জায়গা বলতে কি বোঝায়?

কোন মহিলা তার জীবিকা নির্বাহের জন্য যেখানে যাবেন সেটাই তার কাজের জায়গা। এছাড়াও হাসপাতাল, পোস্টঅফিস, শপিংমল, বিউটিপার্লারে যে মহিলারা যান, মহিলা ভাগচাষী, ইটভাটার মহিলা শ্রমিক, গৃহ পরিচারিকারা যে বাড়িতে কাজ করতে যাচ্ছেন সেই বাড়ি এবং বিভিন্ন ধরনের কারখানা, সবজি বিক্রির বাজার সহ যে সমস্ত জায়গায় মহিলারা কাজ করেন সবই তাদের কাজের জায়গা হিসাবে ধরা হবে। এছাড়াও ছাত্রীরা যখন স্কুল বা কলেজে যাচ্ছে সেটাকেও তাদের কর্মক্ষেত্র হিসেবে ধরা হবে।

## কর্মক্ষেত্রে এই ধরনের সমস্যা হলে মহিলারা কোথায় অভিযোগ জানাতে পারেন?

কর্মক্ষেত্রে যৌন হেনস্থা বিরোধী আইন ২০১৩ অনুযায়ী-

- ১) সংগঠিত ক্ষেত্রে যেখানে ১০ জনের বেশী মানুষ কাজ করেন সেখানে ইন্টারনাল কমিটি যাকে চলতি কথায় আই.সি. বলা হয় সেটা থাকা বাধ্যতামূলক। অভিযোগ জানানোর ৯০ দিনের মধ্যে প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার কথা।
- ২) অসংগঠিত ক্ষেত্রে জেলার মহিলারা জেলা শাসকের অফিসে থাকা লোকাল কমিটি চালু কথায় এল. সি. তে অভিযোগ জানাতে পারেন।
- ৩) কলকাতা জেলার লোকাল কমিটি রয়েছে -লালবাজারের জয়েন্ট কমিশনার অফ পুলিশ (ক্রাইম)-এর অফিসে।

## নিয়োগদাতা প্রতিষ্ঠানের করণীয়

কর্মক্ষেত্রে লিঙ্গবৈষম্য, যৌন হেনস্থা এবং নির্যাতন বন্ধ করার লক্ষ্যে কর্মীদের জন্য নিরাপদ কাজের পরিবেশ সুনিশ্চিত করা, কর্মীদের যথাযথ ধারণা প্রদান করা, কাউন্সেলিং- এর ব্যবস্থা করা, সচেতনতা তৈরির লক্ষ্যে যৌন অপরাধ, মৌলিক অধিকার ও লিঙ্গ সমতা সহ বিভিন্ন বিষয়ে প্রকাশনা বের করা এবং সচেতনতামূলক প্রোগ্রাম করা, যৌন হেনস্থা প্রতিরোধকারী আইনগুলি সম্পর্কে সচেতন করা, যৌন হেনস্থা ও নির্যাতন প্রতিরোধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা, তদন্ত চলাকালীন অভিযুক্ত ও অভিযোগকারিণীর সকল তথ্য গোপন রাখা, গৃহীত পদক্ষেপ সমূহ বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করতে হবে।

